# স্বাস্থ্য নীতি

## প্রস্তাবনা

বিশ্ব স্বাস্থ্য সংস্থার সংবিধানের প্রস্তাবনায় যেমনটা বলা আছে, স্বাস্থ্য "শুধুই রোগ বা দুর্বলতার অনুপস্থিতি নয়", এটা "একটি সম্পূর্ণ শারীরিক, মানসিক ও সামাজিকভাবে সুস্থ থাকার অবস্থাও"। তার সাথে, "স্বাস্থ্যের সবচেয়ে বেশি যতটা সম্ভব করা যেতে পারে সেই স্ট্যান্ডার্ড উপভোগ করা জাতি, ধর্ম, রাজনৈতিক বিশ্বাস, অর্থনৈতিক বা সামাজিক অবস্থার পার্থক্য ছাড়া প্রত্যেক মানুষের মৌলিক অধিকারগুলোরও একটা।"

ব্যক্তির জন্য স্বাস্থ্য খালি স্বাস্থ্যকর পরিবেশ বা সমাজের প্রসঙ্গেই সম্ভব। স্বাস্থ্য যে একক আবার সাধারণ ভালো থাকা উভয়ই সেটা বুঝে, গ্রীনস আরও ব্যাপকভাবে ব্যক্তি ও সম্প্রদায় আর সমাজের স্বাস্থ্য প্রচার করতে নীতি ডিজাইন করবে।

## ভিশন

গ্রীনস সেইসব স্বাস্থ্য ব্যবস্থা আর নীতিগুলোর জন্য প্রচণ্ড চেষ্টা করবে যেগুলো ব্যক্তি আর সম্প্রদায়গুলোকে তাদের সবচেয়ে বড় একক ও একসাথে মিলিত শারীরিক, মানসিক, ও মনোসামাজিক সম্ভাবনায় পৌঁছানোর অনুমতি দেয়। সব জনসেবার মতই, স্বাস্থ্যের অধিকারকেও জাতি, ধর্ম, রাজনৈতিক বিশ্বাস, অর্থনিউতিক, সামাজিক অবস্থা, বা অন্য কোনো ইচ্ছামত পার্থক্যের ভিত্তিতে করা নেগেটিভ বৈষম্য ছাড়া রক্ষা ও প্রচার করতে হবে। তার সাথে, সরকারের সব স্তরে নীতি, প্রোগ্রাম, আর কৌশলগুলোর পথ দেখাতে জাতীয় ও আন্তর্জাতিক অগ্রগতির সূচকগুলোর মধ্যে জীবন কাটানোর মান আর স্বাস্থ্য মেট্রিক্সকেও অংশভুক্ত করতে হবে।

## উদ্দেশ্য

উদ্দেশ্য হল সেইসব জন স্বাস্থ্য ও স্বাস্থ্যসেবা পরিষেবার প্রচার করা যেগুলো নেগেটিভ বৈষম্য মুক্ত এবং জীবনের সব স্তরে ব্যক্তি ও সম্প্রদায়ের স্বাস্থ্যের অধিকারকে স্বীকার করে। একটি নতুন জন স্বাস্থ্যের বোধ যা আলাদাভাবে ও একসাথে মিলিত আচরণের মাধ্যমে, ন্যস্ত করা স্বার্থকে চ্যালেঞ্জ জানাবে আর স্বাস্থ্যের উন্নত অবস্থায় পৌঁছাতে প্রয়োজনীয় ব্যক্তিগত, সামাজিক ও রাজনৈতিক পরিবর্তনগুলোকে প্রচার করবে, সেইগুলো গড়ে তোলাও এর আরেকটা উদ্দেশ্য।

## অ্যাকশন প্ল্যান

গ্রীনস-এর অ্যাকশন প্ল্যান হল সেইসব স্বাস্থ্য পরিষেবা গড়ে তোলা যা রোগের চিকিৎসা আর সারিয়ে তোলার সাথে, ব্যক্তি আর সম্প্রদায়ের স্বনির্ভরতার আটকানো, প্রচার ও উন্নয়নের উপর জোর দেবে। এই ধরণের পরিষেবাগুলো থেকে ক্ষমতা পাওয়া যাবে, এগুলি অংশগ্রহণমূলক ও গণতান্ত্রিক হবে আর তাদের উন্নয়ন ব্যবহারকারীর নিজের দৃষ্টিভঙ্গিতে তাদের স্বাস্থ্যের জন্য কি দরকার সেটা দিয়েই গাইড করবে। তাই, গ্রীনস-

## পাবলিক স্বাস্থ্যসেবা

- ভালো মানের জনগণের জন্য ফান্ড করা স্বাস্থ্যসেবা যাতে একটি মৌলিক অধিকার হিসেবে সবাই অ্যাক্সেস করতে পারে তা নিশ্চিত করবে
- জনগণের জন্য ফান্ড করা প্রাথমিক ডেন্টাল কেয়ারে সবার অ্যাক্সেস করার দিকে কাজ করবে

- জনগণের জন্য ফান্ড করা মানসিক স্বাস্থ্য পরিষেবায় সবার অ্যাক্সেস করার দিকে কাজ করবে
- স্বাস্থ্য পরিষেবার নিয়ে সিদ্ধান্তগুলো যাতে সবচেয়ে জোরালো সম্ভাব্য প্রমাণের ভিত্তিতে করা হয় তা নিশ্চিত করবে
- এমন একটি অংশভুক্ত করা স্বাস্থ্যসেবার মডেলকে সমর্থন করবে যা নিরাপদ ও কার্যকর হিসেবে দেখানো কম্পলিমেন্টারি আর বিকল্প স্বাস্থ্যসেবার উপায়গুলোকেও অংশভুক্ত করে
- সব অর্থনৈতিক ব্যাকগ্রাউন্ডের মানুষদেরই যাতে ভালো স্বাস্থ্য ও সুস্থ থাকার জন্য অত্যাবশ্যক জিনিসপত্র আর সুযোগের অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করবে
- সামাজিক অসুবিধা কম করতে আটকানোর উপায় আর পদ্ধতিগুলোর জন্য উৎসাহ দেবে
- প্রাথমিক স্বাস্থ্যসেবা কে আটকাতে পারার পদ্ধতি, সময়ের আগেই হস্তক্ষেপ করা, আর রুটিন যত্নের উপর ভিত্তি করে করবে
- স্বাস্থ্যসেবার ব্যবস্থাটি যাতে মানবিক সম্মানের অধিকার, ব্যক্তিগত পছন্দ, আর গোপনীয়তাকে নিশ্চিত করে তা নিশ্চিত করবে
- এমন একটি সহজে বোঝার মত খাবারের লেবেল করার প্রক্রিয়া নিশ্চিত করবে যা জোরালোভাবে জারি করা হয়, সব জিনিসপত্র আর পুষ্টিরকর সামগ্রীগুলোকে প্রকাশ করে, আর খালি বিজ্ঞানসম্মতভাবে যাচাই করা স্বাস্থ্য ও পুষ্টিকর জিনিসই অনুমোদন করে
- দেশী মানুষজন আর সংখ্যালঘুদের জন্য সংস্কৃতির দিক দিয়ে উপযুক্ত ও সম্প্রদায়-নিয়ন্ত্রিত স্বাস্থ্য পরিষেবা নিশ্চিত করবে
- রোগ আটকানোর পদ্ধতি হিসেবে ইচ্ছানুযায়ী টিকে দেওয়াকে সমর্থন করবে

## হাসপাতাল এবং স্বাস্থ্যসেবা পেশাদাররা

- সেইসব ইতিমধ্যে থাকা পদক্ষেপ, প্রোগ্রাম, আর আইনি কাজগুলোকে সমর্থন করবে যেগুলো সবার জন্য ভালো মানের, কম খরচের মেডিকেল পরিষেবা অ্যাক্সেস করার সুযোগ বাড়ায়
- মেডিকেল জিনিসপত্র আর পরিষেবার জন্য প্রমাণ যুক্তিযুক্ত দাম নিশ্চিত করবে
- হাসপাতাল, ক্লিনিক, ও অন্য কেয়ার প্রদানকারীরা যাতে স্বাস্থ্যসেবা কর্মীদের প্রতিনিধিত্ব, গ্রাহক, ও অন্য পাবলিক স্বার্থ সহ সবার কথা ভেবে কাজ করছেন তা নিশ্চিত করবে
- স্বাস্থ্যের জন্য খরচ আর স্বাস্থ্য বিমার ছাড়ের মধ্যে থাকা ফাঁক সহ, সব ফি, চার্জ, ও নিজের পকেট থেকে করা খরচের পরিষ্কার ও স্বচ্ছভাবে প্রকাশ নিশ্চিত করবে
- প্রাথমিক, সেকেন্ডারি, আর হাসপাতাল সেবা কাছ থেকে সম্পূর্ণ করবে
- নিশ্চিত করবে যে সামান্য অসুখ ও আঘাতের জন্য সেবা যেন সম্প্রদায়ের স্বাস্থ্য কেন্দ্রগুলোই প্রদান করে
- বেশি ওষুধ দেওয়ার হার কম করবে
- কাজের জায়গা ও রাস্তায় হওয়া দুর্ঘটনা আটকানো আর আঘাত রিহ্যাবিলিটেশন পরিষেবার ব্যবস্থার একটি কার্যকর উপায় নিশ্চিত করবে
- গ্রামীণ আর খুবই দূরের এলাকাগুলোয় স্বাস্থ্য পেশাদারদের অ্যাক্সেস বাড়াবে
- সমস্ত স্বাস্থ্য কর্মীদের জন্য লাভজনক মাইনে নিশ্চিত করবে
- দুর্নীতি, অবহেলা, ও জালিয়াতির বিরুদ্ধে জোরালো আইন সহ রোগীদের সুরক্ষাকে অগ্রাধিকার দেবে
- নিজে সাহায্য করা, সম্প্রদায়-ভিত্তিক উদ্যোগ, প্রাথমিক স্বাস্থ্যসেবা, আর স্বাস্থ্য শিক্ষা ও প্রচারমূলক প্রোগ্রামগুলোর জন্য একটা কেন্দ্রবিন্দু হিসেবে সাম্প্রদায়িক স্বাস্থ্য কেন্দ্র বানাবে
- নিশ্চিত করবে যে সামান্য আঘাত বা অসুখে ভোগা রোগীদের জন্য সাম্প্রদায়িক স্বাস্থ্য কেন্দ্রগুলো যেন ওয়াক-ইন সুবিধা প্রদান করে

## HIV/এইডস

- HIV/এইডস রোগ ধরা পড়া মানুষদের স্বাস্থ্য রক্ষা করবে

- ছোট সিনেমা, মাস মিডিয়া, সোশাল মিডিয়া আর যোগাযোগ করার অন্য উপায়ের সাহায্য নিয়ে HIV/এইডসের কালিমার বিরুদ্ধে লড়াই করবে
- যৌন শিক্ষার সাহায্য HIV/এইডসের নতুন কেসগুলোকে বাধা দেবে
- বিশেষ করে অল্পবয়সীদের HIV/এইডস সম্পর্কে শেখাবে
- HIV/এইডসের বিরুদ্ধে লড়াইকে আবার অগ্রাধিকার দেবে আর মানুষ যাতে অংশ নেয় তা নিশ্চিত করবে
- HIV নিয়ে বাস করা মানুষদের ভালো থাকা উন্নত করবে

**যৌন আর বংশবৃদ্ধিকর স্বাস্থ্য**

- বংশবৃদ্ধি করার পছন্দে ব্যক্তির স্বাধীনতা আর নৈতিক স্বশাসন নিশ্চিত করবে
- ফ্রি কনডম ও যৌন স্বাস্থ্যের ক্লিনিকে আরও বেশি অ্যাক্সেস দেওয়া সহ, পরিবার পরিকল্পনার পরিষেবা প্রদান করবে আর যৌন স্বাস্থ্য নিয়ে সচেতনতা ক্যাম্পেনগুলোর জন্য যথেষ্ট ফান্ডের জোগাড় করবে
- স্বীকার করবে যে অনিচ্ছাকৃত প্রেগনেন্সি যৌন শিক্ষা, অ্যাক্সেস করা যায় এমন জন্মনিরোধক পরিষেবা আর আরও বেশি লিঙ্গ সাম্যতা দিয়ে সবচেয়ে কম করা যেতে পারে
- প্রেগনেন্সি, জন্ম দেওয়া, ও জন্মের পরের সেবার সময়, WHO-এর সুপারিশের সাথে মিল রেখে, ভালো মানের, সংস্কৃতির দিক দিয়ে উপযুক্ত ম্যাটারনিটি সেবা নিশ্চিত করবে
- কোন-ঝুঁকির প্রেগনেন্সির জন্য স্বাভাবিকভাবে জন্ম দেওয়ার বিকল্পগুলো অ্যাক্সেস করতে সহায়তা করবে
- নিশ্চিত করবে যে সব মহিলা ও তাদের সঙ্গীদের যেন জন্মের পরে আঘাত আর জন্মের পরে দেখা দেওয়া ডিপ্রেশনের মোকাবিলা করতে সাহায্য করার সহায়তা অফার করবে
- মহিলাদের জন্য স্তন্যপান করানোর সুযোগ সুবিধা দিতে পাবলিক বিল্ডিং, কাজের জায়গা ও দোকানগুলোকে উৎসাহ দেবে
- নিশ্চিত করবে যে UNICEF-এর জারি করা নিয়ম অনুসারে, সমমস্ত স্বাস্থ্যসেবা সেটিংই যেন বাচ্চাদের অনুকূল স্টেটাস পায়
- সব মহিলাদের আইনসম্মত, ফ্রি আর নিরাপদে প্রেগনেন্সি শেষ করার পরিষেবার জন্য অ্যাক্সেস নিশ্চিত করবে

**মানসিক স্বাস্থ্য**

- মানসিক স্বাস্থ্যের কালিমা কম করতে প্রোগ্রাম, শিক্ষা, ও সচেতনতা বাস্তবায়ন করবে
- বহু দিন ধরে থাকা মানসিক এবং/অথবা শারীরিক অসুখে ভোগা মানুষদের তাদের সম্প্রদায়ে বাস করতে আর অংশ নিতে দেওয়ার সম্প্রদায়-ভিত্তিক সহায়তা পরিষেবা যাতে পাওয়া যায় তা নিশ্চিত করবে
- সমস্ত স্থানীয় কর্তৃপক্ষদের মানসিক স্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলার জন্য উৎসাহ দেবে
- মানসিক স্বাস্থ্য পরিষেবার সেরা অভ্যাসগুলো নিয়ে গবেষণার জন্য যথেষ্ট ফান্ড প্রদান করবে
- নিশ্চিত করবে যে মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলো যেন বয়স, জাতিভুক্ততা, লিঙ্গ, যৌন লক্ষণ আর সাংস্কৃতিক ও আর্থসামাজিক ব্যাকগ্রাউন্ডের ভিত্তিতে ব্যক্তির চাহিদার দিকে সংবেদনশীল থাকে
- স্কুলগুলোকে ঠিকভাবে ট্রেনিং নেওয়া কাউন্সিলার নিয়োগ করার জন্য উৎসাহ দেবে যার কাছে, বাচ্চারা আত্মবিশ্বাসের সাথে গিয়ে কথা বলতে পারে
- নিশ্চিত করবে যে বাচ্চা আর কিশোর-কিশোরীদের মানসিক স্বাস্থ্যকে সমর্থন করার পরিষেবাগুলো যেন ঠিকভাবে ফান্দ করা আর অ্যাক্সেস করার মত হয়
- নিশ্চিত করবে যে পরিচিত আত্মহত্যার জায়গায়গুলোর ক্ষেত্রে যেন স্থানীয় কর্তৃপক্ষগুলো আগে থেকে আটকানোর পদক্ষেপ নেয়

**অবগত সম্মতি**

- কোনো জোর বা জুলুম করা ছাড়া, যেকোনো মেডিকেল, ডেন্টাল, ফার্মাস্যুটিকল, বা অন্য প্রক্রিয়ার জন্য ব্যক্তির নিজের শরীর সাপেক্ষে তাদের প্রত্যেকের জন্য অবগত সম্মতির অধিকার নিশ্চিত করবে। অবগত সম্মতি যেন যাচাই করতে পারার যোগ্য হয়
- আইন জারি করবে যে শরীরের কলা বা অঙ্গ বের করে নেওয়া, আর কোনকিছু ঢোকানো, ইঞ্জেক্ট করা, নমুনা নেওয়া, ও ছবি তোলার থেকে পাওয়া জিনিসগুলোকে রোগীর অবগত সম্মতি ছাড়া ব্যবহার করতে পারা যাবে না
- কোনো জোর বা জুলুম ছাড়া কোনো ব্যক্তি অন্য কোনো কিসু ঠিক না করলে তার জন্য সব মেডিকেল, ডেন্টাল, ও ফার্মাস্যুটিকল রেকর্ড ডেটা গোপন রাখার অধিকার নিশ্চিত করবে
- নিশ্চিত করবে যে রোগীর চিকিৎসা গ্রহণ বা অস্বীকার করার পছন্দের পূর্ণ স্বাধীনতা রয়েছে
- নিশ্চিত করবে যে কোনো রোগীর জীবনের শেষের দিকে নেওয়া মেডিকেল সিদ্ধান্তগুলোকে (আইন অনুমতি দিলে) যেন গুরুত্বের সাথে নেওয়া হয় আর যে রোগীর মেডিকেল আর অন্যান্য রেকর্ডগুলো অ্যাক্সেস করার অধিকার কার আছে সেটা বেছে নেওয়ার অশিকার যেন তাদের থাকে
- নিশ্চিত করবে যে সেইসব রোগীদের অবগত সম্মতি যেন পরিষ্কারভাবে ডকুমেন্ট করা আর জানানো হয়

## ওষুধ আর প্রেসক্রিপশনের দাম নিয়ন্ত্রণ

- নিশ্চিত করবে যে ওষুধের নিরাপত্তা আর নিয়ন্ত্রণ যেন খালি একটা সরকারি এজেন্সিই নিয়ন্ত্রণ করে
- অনুশীলনকারীদের নিজ নিজ ব্যবহারে বিশেষজ্ঞদের জড়িত করে, সিন্থেটিক ফার্মাস্যুটিকল ও স্বাভাবিক ওষুধ উভয়ের জন্যই পরিমাপ করার উপযুক্ত প্রমাণ-ভিত্তিক পদ্ধতি গড়ে তুলবে
- নিশ্চিত করবে যে স্বাধীন স্বাস্থ্যসেবা চিকিৎসা করার এজেন্সি যেন নতুন চিকিৎসার জন্য চিকিৎসা আর সুপারিশগুলোর কার্যকারিতার আশ্বাস একটি উপযুক্ত কর্তৃপক্ষকে প্রদান করে
- এমন ফার্মাস্যুটিকল ও প্রেসক্রিপশনের দাম নিয়ন্ত্রণ করার পদ্ধতি বাস্তবায়ন করবে যাতে দাম যেন প্রয়োজনীয় চিকিৎসা পাওয়ার পথে বাধা হয়ে না দাঁড়ায়
- অন্যান্য প্রাথমিক প্রয়োজনীয়তাগুলোর সাথে মিল রেখে, স্যানিটারি জিনিসগুলোকে সব সেলস ট্যাক্স এবং/অথবা ভ্যালু-অ্যাডেড ট্যাক্স থেকে ছাড় দেবে
- যেখানে পাওয়া যায় সেখানে জেনেরিক ফার্মাস্যুটিকলগুলোর ব্যবহার প্রচার করবে

## সম্প্রদায় ও স্কুলে স্বাস্থ্য পরিষেবাগুলো

- বাড়ি বা সম্প্রদায়-ভিত্তিক কেন্দ্রগুলোয় যতটা সম্ভব স্বাস্থ্যসেবা প্রদান করা সক্ষম করে, সাম্প্রদায়িক পরিষেবার ফান্ড বাড়াবে
- প্রতিবন্ধী মানুষ, বয়স্ক, মানসিক ও শারীরিক স্বাস্থ্যের সমস্যায় ভোগা মানুষ, আর শিখতে অসুবিধা হয় এমন মানুষদের জন্য সাম্প্রদায়িক পরিষেবা বাড়াবে
- নিশ্চিত করবে যে প্রতিটি স্কুলে যেন তাদের ছাত্রছাত্রীদের জন্য তাজা, স্বাস্থ্যকর, ও সম্ভবত স্থানীয়ভাবে-নেওয়া লাঞ্চ দেওয়ার ফান্ড আর ক্ষমতা আছে
- স্কুলের পাঠ্যক্রমে ব্যায়াম ও শারীর শিক্ষা, আর স্কুলের সময়ের পরে ছাত্রছাত্রীদের জন্য পাঠ্যক্রমের বাইরে অ্যাক্টিভ থাকার বিকল্পের প্রচার করবে
- একটি জাতীয় ড্রাগ কম করার কৌশল বানাবে তার সাথে আরও নিরাপদ ইঞ্জেকশন দেওয়ার জায়গা বানাবে
- স্কুল ও কাজের জায়গায় স্বাস্থ্য আর স্বাস্থ্য সমস্যার উপর শিক্ষা প্রোগ্রামগুলো তৈরী করবে

## গবেষণা আর উন্নয়ন

- কম খরচের সেবা ও রোগ আটকানো নিয়ে গবেষণার জন্য একটি ব্যাপক প্রোগ্রাম আর পরীক্ষা, অনুমোদন, নিয়ন্ত্রণ ও ফার্মাস্যুটিকল, থেরাপিউটিক জিনিস, মেডিকেল যন্ত্র ও অন্য স্বাস্থ্য থেরাপি আর প্রযুক্তির মার্কেটিংয়ের জন্য একটি জোরালো প্রক্রিয়া বাস্তবায়ন করবে
- সব লেভেলে স্বাস্থ্যসেবাকে সমর্থন করবে, বিশেষ করে জন স্বাস্থ্য, মহামারী নিয়ে পড়াশোনা, নার্সিং ও সম্প্রদায়ে সেবা, আর নির্দিষ্টভাবে সম্প্রদায় ও প্রাথমিক সেবার সেটিংয়ে
- প্রথাগত ও বিকল্প/কম্পলিমেন্টারি উভয় সেবার জন্যই গবেষণার জন্য ফান্ড জোগাড় করায় সমর্থন করবে

## বিবিধ

- পরিবেশ ও স্বাস্থ্যকে সম্মান জানানো একটি শিল্প ও চাষবাসের সেক্টরের প্রচার করবে
- চাষবাস, উৎপাদন ও শিল্পে সেইসব জিনিসগুলো নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করবে যেগুলো স্বাস্থ্যের পক্ষে বিপজ্জনক, যেমন কীটনাশক, গ্লাইকল, পারদ, ও শিল্পে ব্যবহার করার কেমিকেল
- বেশি ওষুধ খাওয়া ও নেশা আটকানোর বিপজ্জনক লেভেল ট্র্যাক করতে আর আটকাতে ডাক্তারের প্রেসক্রাইব করা ফার্মাস্যুটিকলগুলোর বিতরণ নিয়ন্ত্রণ করবে
- নিশ্চিত করবে যে কাজের জায়গায় যেন উপযুক্ত পেশাদার পরিষেবা থাকে
- নিশ্চিত করবে যে LGBTQA+সম্প্রদায় নির্দিষ্ট স্বাস্থ্য প্রোগ্রামগুলোর ফান্ড করা হয় আর ঝুঁকিতে থাকা মানুষদের যেন চিনে নিতে সাহায্য করতে পারে
- সেইসব জুলুম করা যেকোনো ধরণের থেরাপির বিজ্ঞাপন, ফান্ড ও অনুশীলন নিষিদ্ধ করবে যা একজন ব্যক্তির যৌন লক্ষণ বা লিঙ্গ পরিচিতি বদল করার লক্ষ্য করে
- বেশি সুগার আছে এমন খাবার বা পানীয় খাওয়া কম করবে

## রেফারেন্সগুলি:


https://www.who.int/about/who-we-are/constitution
https://www.un.org/en/sections/issues-depth/health/index.html
https://www.globalgreens.org/globalcharter-english
https://greens.org.au/policies/health
https://www.greens.org.nz/health_policy
https://www.cagreens.org/platform/health-care
https://policy.greenparty.org.uk/he.html
https://indiagreensparty.org/policies/health/
https://www.greenparty.ca/en/our-vision/health-care
https://www.who.int/reproductivehealth/publications/intrapartum-care-guidelines/en/